

গাজোলে তৃণমূলের সাংগঠনিক সভায় বক্তব্য রাখছেন আব্দুর রহিম বক্সী।

# গাজোল দখলে ঘুঁটি সাজাচ্ছে তৃণমূল

**পঙ্কজ ঘোষ**

**গাজোল, ১৪ সেপ্টেম্বর :** রবিবার গাজোলের কদুবাড়ি মোড় এলাকার শিউচাঁদ পরমেশ্বরী বিদ্যামন্দির বিদ্যালয় প্রাঙ্গণে তৃণমূল কংগ্রেসের বিভিন্ন বুথভিত্তিক কর্মীদের নিয়ে একটি সাংগঠনিক সভার আয়োজন করা হয়। রাজকুমার সরকার গত সপ্তাহে তৃণমূলের গাজোল ব্লকের সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন। দায়িত্ব নেওয়ার পর এটি তাঁর প্রথম সাংগঠনিক সভা। এই সভা থেকে আগামী বছরের বিধানসভা নির্বাচনে গাজোল বিধানসভা আসনে তৃণমূল কংগ্রেসকে জয় এনে দেওয়ার অঙ্গীকার করা হয়। গাজোল বিধানসভা আসনটি বর্তমানে পদ্ম শিবিরের দখলে। এই সভায় উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের মালদা জেলা সভাপতি আব্দুর রহিম বক্সী, সহ সভাপতি প্রসূন বন্দ্যোপাধ্যায়, জেলা তৃণমূল কংগ্রেসের মহিলা সভাপতি প্রতিভা সিংহ, মালদা জেলা তৃণমূল যুব কংগ্রেস সভাপতি প্রসেনজিৎ দাস, গাজোল পঞ্চায়েত সমিতির সভাপতি মোজাম্মেল হোসেন, গাজোল ব্লক তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি সুরজিৎ সাহা, গাজোল ব্লক তৃণমূল কংগ্রেসের মহিলা সভাপতি মিনু সাহা, আইএনটিটিইউসি গাজোল ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি সিরাজুল ইসলাম প্রমুখ।

অতীতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গাজোলে একাধিক সভা করেছেন। মুখ্যমন্ত্রী অনেকবার এলেও এখনও পর্যন্ত এই আসনটি তৃণমূল কোনওদিন জিততে পারেনি। সামনের বছর এই রাজ্যে বিধানসভা নির্বাচন। নির্বাচনকে পাখির চোখ করে আয়োজিত এই সভায় নবনিযুক্ত ব্লক সভাপতি রাজকুমার বলেন, 'বুথ পর্যায়ের কর্মীদের নিয়ে এই সাংগঠনিক সভার আয়োজন করা হয়েছিল। সভায় আমরা সকলে মিলে শপথ নিয়েছি আগামী বিধানসভা নির্বাচনের জন্য দলের সমস্ত কর্মী একযোগে কাজ করব, দলের নবীন-প্রবীণ সবাইকে এক ছাতার তলায় এসে দলের উন্নয়নের জন্য কাজ করতে হবে। সামনের নির্বাচনে গাজোলের আসনটিতে তৃণমূলের জয় সুনিশ্চিত করতে হবে।' তিনি যোগ করেন, 'রাজ্য সরকার যেসব উন্নয়নমূলক কাজকর্ম করে চলেছে তাতে রাজ্যবাসী তৃণমূলের পাশে আছেন। কৃষকদের উন্নয়ন, পড়ুয়াদের উন্নয়ন, লক্ষ্মীর ভাণ্ডার, স্বাস্থ্যসাথী সহ একাধিক পরিষেবা দিচ্ছে রাজ্য সরকার। বর্তমানে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের প্রকল্প আমাদের পাড়া, আমাদের সমাধান। এই প্রকল্পে ব্যাপক সাড়া পাওয়া গিয়েছে। কোন দল কী বলছে জানি না তবে আগামী নির্বাচনে তৃণমূলের জয় নিশ্চিত। গাজোল বিধানসভা আসনটি মমতা ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হাতে উপহার দিতে পারব বলেই আমাদের বিশ্বাস।'

**নজরে ভোট**

- নির্বাচনে ঘাসফুলের পাখির চোখ গাজোল বিধানসভা আসন
- এই আসনে কোনওদিন জয়লাভ করেনি ঘাসফুল
- এই আসনে তৃণমূলের জয়ের আশাকে 'দিবাস্বপ্ন' বলে কটাক্ষ পদ্ম শিবিরের

ঘাসফুল শিবিরের এই দাবি ফুৎকারে উড়িয়ে দিয়ে গাজোল বিধানসভার বর্তমান বিজেপি বিধায়ক চিন্ময় দেব বর্মন বলেন, 'শাসকদল দিবাস্বপ্ন দেখছে। এর আগেও এই আসনে কোনওদিনই ঘাসফুল শিবির জয়লাভ করেনি। আগামীদিনেও পারবে না। রাজ্যবাসী তৃণমূলকে চিনে গিয়েছে। কেন্দ্রীয় সরকার যেরকমভাবে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করছে, তাতে ২০২৬-এ মানুষ বিজেপিকেই বেছে নেবে।' গাজোলের মাটিতে ঘাসফুল ফুটবে না বলে তিনি দাবি করেন।

# বাহুবলীদের লড়াই ইটাহারে

## শাসকদলের বিধায়ককে কটাক্ষ বাম-বিজেপির

**রণবীর দেব অধিকারী**

**ইটাহার, ১৪ সেপ্টেম্বর :** ভোটের আগেই বাহুবলীদের লড়াই দেখবে ইটাহার। আক্ষরিক অর্থেই। সৌজন্যে ইটাহারের বিধায়ক তথা তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলের রাজ্য সভাপতি মোশারফ হুসেন। পঞ্চায়েত নির্বাচন হোক বা প্রাথমিক শিক্ষকদের সমবায় ভোট, প্রায় প্রতিটি নির্বাচনেই শাসকদলের বিরুদ্ধে পেশিশক্তি ব্যবহারের অভিযোগ তোলেন বিরোধীরা। ভোটের ময়দানে পেশিশক্তির প্রদর্শন কেউ ভালোভাবে না নিলেও ইটাহারে খেলার ময়দানে সেই পেশিশক্তিরই প্রতিযোগিতা আপাতত হয়ে উঠেছে জেন ওয়াই থেকে জেন জেড-এর অনেকেরই আকর্ষণের কেন্দ্রবিন্দু।

আগামী ১৭ সেপ্টেম্বর ইটাহার হাইস্কুল মাঠে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'এমএলএ কাপ : আর্ম রেসলিং চ্যাম্পিয়নশিপ-২০২৫'। প্রধান উদ্যোক্তা বিধায়ক হলেও ইটাহারের মতো গঞ্জ এলাকায় এই প্রতিযোগিতার আয়োজনে সহযোগিতা করছে 'ওয়েস্ট বেঙ্গল আর্ম রেসলিং অ্যাসোসিয়েশন'। আয়োজক সংস্থা সূত্রে জানা গিয়েছে, চলতি মাসের ১০ তারিখ পর্যন্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নাম নথিভুক্ত করা হয়েছে। তাতে শতাধিক প্রতিযোগী নাম লিখিয়েছেন।

কিন্তু প্রশ্ন উঠছে, ইটাহার বা আশপাশের এলাকায় তেমন বাহুবলী বা আর্ম রেসলার কি আছেন? কারা অংশ নিচ্ছেন প্রতিযোগিতায়?



আয়োজকরা জানাচ্ছেন, শুধু এই এলাকার নয়, রাজ্যের বিভিন্ন প্রান্তের এমনকি ভিনরাজ্য থেকেও প্রতিযোগীরা অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন করেছেন। প্রতিযোগিতা হবে তিনটি বিভাগে। ৬০ কেজি, ৭০ কেজি ও ৮০ কেজি ওজনের বাহুবলীরা নিজের নিজের বিভাগের প্রতিযোগিতায় নাম লিখিয়ে পাঞ্জা লড়বেন। চ্যাম্পিয়ন ও জয়ীদের অ্যাসোসিয়েশনের তরফে শংসাপত্র ও বিধায়কের তরফে আর্থিক পুরস্কারও দেওয়া হবে।

কিন্তু এত খেলা থাকতে পাঞ্জা লড়াই কেন? বিধায়ক মোশারফ হুসেন বলেন, 'পাঞ্জা লড়াই একটি প্রাচীন দেশীয় খেলা। এই প্রতিযোগিতার মাধ্যমে প্রায় হারিয়ে যেতে বসা এই খেলাকে ফেরানোর পাশাপাশি মোবাইল ও সোশ্যাল মিডিয়ায় বুঁদ হয়ে থাকা বর্তমান তরুণ প্রজন্মকে সুস্থ স্বাভাবিক জীবন ও শরীরচর্চায় উৎসাহিত করাই আমার একমাত্র উদ্দেশ্য। তবে আগামীদিনে অন্য খেলাও নামানো হবে।'

বিধায়ক যাই বলুন, বিরোধীরা সমালোচনা করতে ছাড়ছেন না। বিরোধীদের কটাক্ষ, প্রকৃত উন্নয়ন ও রুটিরুজির পথ না দেখিয়ে ভোটের আগে পেশিশক্তির দিকে তরুণ প্রজন্মের নজর ঘোরাতে চাইছেন বিধায়ক। সিপিআইয়ের ইটাহার আঞ্চলিক পরিষদের সম্পাদক অজয় চক্রবর্তী বলেন, 'বিধানসভা নির্বাচনের আগে হঠাৎ করে আর্ম রেসলিং অর্থাৎ যেসব খেলা এতদিন ধরে তৃণমূল খেলে আসছে, নতুন করে আবার সেই খেলা! আসলে এসব ভালো মুখোশ পরে শাসকদলের নেতাদের চুরি-দুর্নীতি থেকে মানুষের নজর ঘুরিয়ে রাখার ব্যর্থ চেষ্টা।'

বিজেপির ইটাহার মণ্ডল সভাপতি অনুনয় চক্রবর্তী বলেন, 'বিধায়ক আর্ম রেসলিং আয়োজন করছেন ভালো কথা। কিন্তু এ কি শুধুই খেলার খেলা? সাধারণ মানুষ যখন উন্নয়ন, স্বচ্ছ প্রশাসন ও নিরাপত্তা প্রত্যাশা করছে, তখন শাসকদল সময় নষ্ট করছে বাহুবল প্রদর্শনীতে। আসলে এই সরকার বিভিন্ন মেলা-খেলা ও অযথা উৎসবের মাধ্যমে সবসময় প্রকৃত সমস্যা থেকে মানুষের নজর ঘুরিয়ে রাখতে চায়।' ইটাহার ব্লক কংগ্রেসের সাধারণ সম্পাদক ইবনে ওবাইদুর রহমানের দাবি, 'এই জেলায় কোনও শিল্প নেই। তাই বিধায়ককে বলব, ইটাহারে প্রচুর পরিমাণে আম, বাঁশ, লেবু, ধান উৎপাদন হয়। খেলা-মেলা না করে এই সব কাঁচামাল দিয়ে প্রোডাক্ট তৈরির কারখানা করা যায় কি না, ভেবে দেখুন।' বিরোধীদের সমালোচনায় অবশ্য কান দিতে নারাজ বিধায়ক। তাঁর দাবি, 'বাহুবল প্রদর্শন বা অন্য কোনও উদ্দেশ্যে নয়। তরুণ প্রজন্মের অনেকেই এই প্রতিযোগিতা আয়োজনের আবদার করেছিলেন। তাই তরুণ সমাজের শরীর-স্বাস্থ্যের উন্নতির কথা ভেবেই এমন একটি প্রতিযোগিতা করা হচ্ছে।'

**পাঞ্জা**

- আগামী ১৭ সেপ্টেম্বর ইটাহারে বাহুবলীদের প্রতিযোগিতা 'এমএলএ কাপ আর্ম রেসলিং'
- উদ্যোক্তা ইটাহারের বিধায়ক, সহযোগিতায় ওয়েস্ট বেঙ্গল আর্ম রেসলিং অ্যাসোসিয়েশন
- ৬০ কেজি, ৭০ কেজি ও ৮০ কেজি ওজনের তিনটি বিভাগে প্রতিযোগিতা হবে
- বিহার, উত্তরপ্রদেশের প্রতিযোগীরাও নাম লিখিয়েছেন
- বিরোধীদের কটাক্ষ, ভোটের আগে এসব শক্তি প্রদর্শনের খেলার পেছনে অন্য উদ্দেশ্য আছে বিধায়কের

# ভবঘুরে তরুণকে উদ্ধার পুলিশের

**রতুয়া, ১৪ সেপ্টেম্বর :** উর্দিধারীদের বিরুদ্ধে বিভিন্ন সময় মানুষের মনে নানান অভিযোগ উঠে আসে। তবে রবিবার তার ঠিক বিপরীত ছবি ধরা পড়ল রতুয়া থানায়। মানসিক ভারসাম্যহীন এক ভবঘুরে তরুণকে রাস্তা থেকে তুলে এনে সেবাযত্ন করে তিনবেলা খাবারের ব্যবস্থা করেছেন রতুয়া থানার পুলিশকর্মীরা। তবে তাঁরা চাইছেন এই মানসিক ভারসাম্যহীন ভবঘুরেকে পরিবারের লোকজনের হাতে তুলে দিতে। তাঁকে ঘরে ফিরিয়ে দেওয়ার সব রকম প্রয়াস করছে পুলিশ। তাঁদের আবেদন, থানায় যোগাযোগ করে পরিজনেরা এসে নিয়ে যান ওই তরুণকে।

জানা গিয়েছে, ১৫ দিন আগে রতুয়া থানার নাককাটি ব্রিজ সংলগ্ন এলাকায় কর্তব্যরত পুলিশকর্মীদের নজর পড়ে এই ভবঘুরে তরুণের ওপর। দুর্ঘটনা বা কোনও বিপদের মুখে পড়ে যাতে প্রাণ না চলে যায় সেজন্য পুলিশকর্মীরা ওই তরুণকে উদ্ধার করে থানায় নিয়ে আসেন। তারপর থেকে তাঁকে দেওয়া হচ্ছে তিনবেলা খাবার। শুধু তাই নয়, সঙ্গে তাঁর পরিচ্ছন্নতার দিকেও নজর রাখা হচ্ছে। মাথার উশকোখুশকো চুল কাটানো হয়েছে। পরনের নোংরা পোশাক বদলে দেওয়া হয়েছে নতুন পোশাক। পুলিশের তরফে এহেন পরিচর্যা পেয়ে মানসিক ভারসাম্যহীন তরুণ এখন অনেকটা সুস্থ। কিন্তু তিনি সঠিকভাবে তাঁর নাম, পরিচয় বা বাড়ির ঠিকানা কিছু বলতে পারছেন না। এই অবস্থায় পরিবারের লোকজন যাতে সংবাদমাধ্যমে ছবি দেখে তাঁকে চিনতে পেরে এসে নিয়ে যান সেই আবেদন করছেন পুলিশকর্মী থেকে শুরু করে এলাকার সাধারণ মানুষ। পুলিশের এই মানবিকতার পরিচয়কে সাধুবাদ জানিয়েছেন এলাকার মানুষ।

# মৃত চালক

**রায়গঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** শনিবার রাতে ইটাহার থানার অভিনগর এলাকার ১২ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনায় মৃত্যু হল এক পিকআপ ভ্যানচালকের। গুরুতর জখম খালাসি। রাতে সবজিবোঝাই পিকআপ ভ্যানটি দ্রুতগতিতে শিলিগুড়ির দিকে যাচ্ছিল। রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল অপর একটি লরি। পিকআপ ভ্যানটি দ্রুতগতিতে থাকায় নিয়ন্ত্রণ হারিয়ে ওই লরির পিছনে ধাক্কা মারলে দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে যায় দমকলের ইঞ্জিন। গ্যাস কাটার দিয়ে কেটে পিকআপ ভ্যানচালক ও খালাসিকে উদ্ধার করে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়, কিছুক্ষণ চিকিৎসার পর মৃত্যু হয় চালকের। খালাসিকে রেফার করা হয় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে। রবিবার বিকেল ৫টা নাগাদ গাড়িচালকের মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারের হাতে তুলে দেয় রায়গঞ্জ থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত চালকের নাম টোটন মণ্ডল (৩০), জখম খালাসির নাম মজিবুর রহমান শেখ। তাঁদের বাড়ি মুর্শিদাবাদ জেলার ধুলিয়ানে। রায়গঞ্জ থানায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করা হয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ।

# পুজো বৈঠক

**কুশমণ্ডি, ১৪ সেপ্টেম্বর :** দুর্গাপুজোয় শান্তিশৃঙ্খলা বজায় রাখতে রবিবার কুশমণ্ডি ব্লকের ৮১টি পুজো কমিটিকে নিয়ে বৈঠক করেছে পুলিশ। কুশমণ্ডি থানার আইসি তরুণ সাহা জানান, পুজোর নিয়মাবলি নিয়ে এদিনের সভায় আলোচনা হয়েছে। এবছর ৩৮টি পুজো কমিটি সরকারের অনুদান পেয়েছে।

# নগ্ন করে মহিলাকে মার, ধৃত চার

**রায়গঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** মধ্যযুগীয় বর্বরতা রায়গঞ্জের গ্রামে। ১৫ জনের অসুস্থ হওয়ার পাশাপাশি কমলা বর্মন নামে একজনের মৃত্যু হওয়ায় এক মহিলা তান্ত্রিককে নগ্ন করে মারধর, গ্রামে ঘোরানো হল। শুধু তাই নয়, তার আগে তাঁকে জোর করে মলমূত্র মিশিয়ে খাওয়ানোর অভিযোগ উঠেছে। ওই মহিলা অসুস্থ হয়ে পড়লে তাঁকে রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনাটি ঘটেছে শেরপুর গ্রাম পঞ্চায়েতের খোকসা সংলগ্ন শিবপুর গ্রামে। ওই মহিলার ছেলের অভিযোগের ভিত্তিতে রবিবার দু'দফায় অভিযুক্তদের মধ্যে কাশীনাথ বর্মন, বিনোদ বর্মন, বালিকান্দ বর্মন ও ভরত বর্মনকে গ্রেপ্তার করে রায়গঞ্জ থানার কর্ণজোড়া ফাঁড়ির পুলিশ। ধৃতদের মধ্যে প্রথম তিনজনকে এদিনই আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

বাকি একজনকে সোমবার আদালতে পেশ করা হবে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। রায়গঞ্জ সিজেএম কোর্টের সরকারি আইনজীবী দীপ্তেশ ঘোষ বলেন, 'এদিন তিনজনকে গ্রেপ্তার করে আদালতে পেশ করলে বিচারক জেল হেপাজতের নির্দেশ দেন। অভিযুক্তদের বিরুদ্ধে খুনের চেষ্টা সহ একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করেছে পুলিশ।'



বিশ্বকর্মার মূর্তি গড়তে ব্যস্ত শিল্পী। গাজোলে পঙ্কজ ঘোষের তোলা ছবি।

# সচেতনতা শিবির

**সামসী, ১৪ সেপ্টেম্বর :** চাঁচল থানার উদ্যোগে মতিহারপুর গ্রাম পঞ্চায়েতের সহযোগিতায় মতিহারপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় রবিবার বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা শিবির হল। এদিন বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক সভা হয়। এলাকার বিশিষ্টজনদের নিয়ে বাল্যবিবাহ হলে কী কী ক্ষতি হয়, সেই সম্পর্কে সকলকে অবগত করা হয়। চাঁচল মহকুমার পুলিশ আধিকারিক সোমনাথ সাহা ও চাঁচল থানার আইসি পূর্ণেন্দু কুণ্ডু বক্তব্য রাখেন। এছাড়াও এদিন চাঁচল থানার পুলিশ প্রশাসন ও সিভিক ভলান্টিয়ারদের উদ্যোগে বাল্যবিবাহ নিয়ে একটি নাটক মঞ্চস্থ হয়। শেষে একটি গম্ভীরা গানের আয়োজন করা হয়।

# ঝুলন্ত দেহ

**পতিরাম, ১৪ সেপ্টেম্বর :** পতিরামের ফরিদপুরে শনিবার রাতে বছর একুশের তরুণ রাজ বর্মনকে পরিবারের সদস্যরা বাড়ির পাশের আম গাছে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। পেশায় পরিযায়ী শ্রমিক রাজ সম্প্রতি ভিনরাজ্য থেকে বাড়ি ফিরেছিলেন।

দ্রুত তাঁকে বালুরঘাট জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হলে রবিবার ভোরে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। এদিন ময়নাতদন্তের পর দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# রক্তদান শিবির

**পতিরাম, ১৪ সেপ্টেম্বর :** ঐকতান নাট্য সংস্থার উদ্যোগে রবিবার একটি রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। পতিরাম তিনকোনা মোড় এলাকায় আয়োজিত এই রক্তদান শিবিরে ৪ মহিলা সহ মোট ৩১ জন রক্তদান করেন। আয়োজক সংস্থার তরফ থেকে জানানো হয়েছে, নিয়মিত এই শিবির আয়োজনের মাধ্যমে রক্ত সংকট মোকাবিলা এবং সমাজে সচেতনতা বৃদ্ধি করাই তাদের উদ্দেশ্য।

# জামাইয়ের দেহ দেখে মৃত্যু শাশুড়ির

**সুবীর মহন্ত**

**বালুরঘাট, ১৪ সেপ্টেম্বর :** শনিবার ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছিল জামাইয়ের। সন্ধ্যায় ময়নাতদন্ত করিয়ে বাড়িতে দেহ আনায় ঘটল আরেক বিপদ! জামাইয়ের মৃতদেহ দেখে মৃত্যু হল শাশুড়ির। ঘটনাটি ঘটেছে বালুরঘাট ব্লকের বোয়ালদার গ্রাম পঞ্চায়েতের চকগোবিন্দ নওপাড়া গ্রামে।

মৃতার ছেলে ভোম্বল বর্মন বলেন, 'শনিবার জামাইবাবুর মৃত্যুর খবর পাওয়ার পর থেকে সকলের মধ্যেই শোকের ছায়া নেমে এসেছিল। আমার মা-ও ওই ঘটনায় একেবারে মুষড়ে পড়েছিল। সন্ধ্যায় জামাইবাবুর মুখ দেখতে গিয়েই মা অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে নিয়ে গেলেও তাঁকে বাঁচানো যায়নি।' পুলিশ আরেকটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

পুলিশ সূত্রে খবর, মৃত জামাইয়ের নাম অসিত বিশ্বাস (৫০)। তাঁর শাশুড়ি গীতা বর্মন (৭৩)। গীতার স্বামী প্রায় ১৫ বছর আগে মারা গিয়েছেন। তারপর থেকে তিনি ছেলে এবং বৌমার সঙ্গে থাকতেন। তাঁর মেয়ের বিয়ে হয়েছে চকগোবিন্দ নওপাড়া গ্রামেই। জামাই অসিত পেশায় ছিলেন গ্রামীণ চিকিৎসক। শনিবার এলাকার একটি গাছ থেকে অসিতের ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। এভাবে আকস্মিক ওই ব্যক্তির মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছিল। বিষয়টি নিয়ে বৃদ্ধাও মুষড়ে পড়েছিলেন। সেদিনই অসিতের মৃতদেহের ময়নাতদন্তের জন্য বালুরঘাট জেলা হাসপাতালে পাঠানো হয়। সন্ধ্যায় মৃতদেহ বাড়িতে নিয়ে আসেন পরিবারের সদস্যরা। সেসময় এলাকার অনেকেই সেখানে উপস্থিত ছিলেন। গীতাও জামাইকে দেখতে বের হন। এরপরই তিনি অচেতন হয়ে পড়েন।

দ্রুত বৃদ্ধাকে নিয়ে যাওয়া হয় বালুরঘাট হাসপাতালে। সেখানে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। হৃদরোগে আক্রান্ত হয়েই বৃদ্ধার মৃত্যু হয়েছে বলে প্রাথমিক অনুমান চিকিৎসকদের। রবিবার ময়নাতদন্তের পর মৃতার দেহ বাড়ি ফিরিয়ে আনা হয়। ডিএসপি হেডকোয়ার্টার্র বিক্রম প্রসাদ বলেন, দুটি ঘটনাতেই অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু হয়েছে। পুরো ঘটনা তদন্ত করে দেখা হচ্ছে।

এদিকে, একই পরিবারের দুজনের পরপর মৃত্যুর ঘটনায় পরিবারের সকলেই ভেঙে পড়েছেন। মৃতার ভাইপো বরেন বর্মনের কথায়, 'শনিবার রাতে জামাইয়ের শেষকৃত্য সম্পন্ন হয়েছে। আর রবিবার জেঠিমার শেষকৃত্য সম্পন্ন করতে হচ্ছে। হঠাৎ করে কী যে হয়ে গেল, বুঝতেই পারছি না কেউ।'

**যা ঘটেছে**

- শনিবার ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছিল জামাইয়ের
- সন্ধ্যায় ময়নাতদন্তের পর দেহ বাড়িতে নিয়ে আসা হয়
- জামাইয়ের মৃতদেহ দেখে অজ্ঞান হয়ে পড়েন শাশুড়ি
- হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন

# রাজ্য সড়কে উপড়ে পড়ল বট গাছ

**সেনাউল হক**

**কালিয়াচক, ১৪ সেপ্টেম্বর :** দীর্ঘদিন ধরে কালিয়াচকের সিলামপুর গ্রামের মিয়াঁপাড়ায় রাজ্য সড়কে একটি শতাব্দীপ্রাচীন বট গাছ সামান্য হেলে ছিল। রবিবার হঠাৎ ১১ হাজার ওয়াটের বিদ্যুতের তার নিয়ে ভেঙে পড়ে গাছটি। আশপাশের তিন-চারটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে।

অল্পের জন্য হতাহতের ঘটনা ঘটেনি। এদিন ওই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়ায় এলাকায়। এলাকার বাসিন্দারা জানিয়েছেন, বিদ্যুতের তার যেভাবে ছিঁড়ে পড়েছে তাতে আগুন জ্বলে যেতে পারত গ্রামে। যদিও বিদ্যুৎ দপ্তরের তৎপরতায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। এতে ভয়ানক দুর্ঘটনা থেকে রক্ষা পেয়েছে গোটা গ্রাম।

কবরস্থানের পাশে ওই বট গাছটি বিপজ্জনক অবস্থায় ছিল। তবে হঠাৎ এভাবে গাছটি ভেঙে পড়বে সেটা কেউ ভাবেননি।

এদিন গাছ ভেঙে পড়ায় আশপাশের কয়েকটি বাড়ির ক্ষতি হয়। কারও টিনের চাল ভেঙে গিয়েছে। আবার কারও দেওয়াল ধসে গিয়েছে। ওই ঘটনায় বেশ কয়েক ঘণ্টা রাজ্য সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। এরপর স্থানীয় বাসিন্দারা খবর দেন বন দপ্তর ও বিদ্যুৎ দপ্তরকে। ঘটনাস্থলে উপস্থিত হয় কালিয়াচক থানার পুলিশও।

বিদ্যুৎ দপ্তরের তৎপরতায় সংযোগ বিচ্ছিন্ন করা হয়। দুই ঘণ্টা পর এলাকায় বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক হয়।

গ্রামের বাসিন্দা প্রাক্তন জেলা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ মিজানুর রহমান বলেন, 'সিলামপুর মিয়াঁপাড়া কবরস্থানের পাশে ওই গাছটি এদিন হঠাৎ উপড়ে পড়ে। ক্ষয়ক্ষতি হলেও কেউ আহত হয়নি। তবে বিদ্যুতের তার ছিঁড়ে পড়ায় সকলে আতঙ্কে ছিল। বড়সড় দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়া গিয়েছে।'

এরপর বন দপ্তর ও পুলিশের সহযোগিতায় গাছটি কেটে রাস্তা পরিষ্কার করা হয়েছে।

কালিয়াচক থানার আইসি সুমন রায়চৌধুরী বলেন, 'গাছ পড়ে যাওয়ায় যান চলাচল বন্ধ থাকে বেশ কিছুক্ষণ। বিদ্যুৎ দপ্তর এসে প্রয়োজনীয় পদক্ষেপ করে। পরে পরিস্থিতি স্বাভাবিক হয়।'



মিয়াঁপাড়ায় রাজ্য সড়কে গাছ উপড়ে পড়েছে।

> বট গাছ পড়ে যাওয়ায় যান চলাচল বন্ধ থাকে বেশ কিছুক্ষণ। বিদ্যুৎ দপ্তর এসে প্রয়োজনীয় পদক্ষেপ করে। পরে পরিস্থিতি স্বাভাবিক হয়।
>
> **সুমন রায়চৌধুরী** আইসি
> কালিয়াচক থানা



### চোর ধরা পড়লেও মেলেনি টাকা

# থানার কাছে মসজিদে চুরি

**জসিমুদ্দিন আহম্মদ**

**মালদা, ১৪ সেপ্টেম্বর :** সাতসকালে মসজিদের দানবাক্স চুরি হল। রবিবারে ঘটনাটি ঘটেছে মালদা শহরে পিরোজপুর আমলিতলা জামে মসজিদে। মসজিদটির ঠিক পেছনেই ইংরেজবাজার থানা। থানার অদূরে এমন ঘটনায় শোরগোল পড়ে গিয়েছে এলাকায়। গোটা ঘটনাটি মসজিদের সিসিটিভি ক্যামেরায় ধরা পড়ে। সেই ফুটেজ দেখে চোরকে ধরে পুলিশ। তবে দানবাক্সের টাকা এখনও পাওয়া যায়নি।

সিসিটিভি ক্যামেরার ফুটেজে দেখা যায়, এদিন সকালে এক তরুণ মসজিদে প্রবেশ করে দানবাক্স ভেঙে ফেলে। মসজিদ কর্তৃপক্ষের দাবি, প্রায় সাত মাসের গচ্ছিত টাকা ছিল দানবাক্সটিতে। সেটি নিয়ে চম্পট দেয় দুষ্কৃতী। তবে ওই দুষ্কৃতী বেশি দূর পালাতে পারেনি। ইংরেজবাজার থানার পুলিশের তৎপরতায় মাত্র তিন ঘণ্টার মধ্যেই ধরা পড়ে অভিযুক্ত। যদিও পুলিশ তদন্তের স্বার্থে এখনই ধৃতের পরিচয় সংবাদমাধ্যমকে জানায়নি। এর আগে শহরে একাধিক চুরির ঘটনা ঘটছে, সেক্ষেত্রে ধৃতের সঙ্গে সেগুলির কোনও সম্পর্ক রয়েছে কি না খতিয়ে দেখা হচ্ছে।

শহরের প্রাচীন জুম্মা মসজিদগুলোর মধ্যে পিরোজপুর আমলিতলা জামে মসজিদ অন্যতম। প্রতি জুম্মায় হাজারেরও বেশি মানুষের সমাগম হয়ে থাকে। মসজিদে নমাজ পড়তে আসা অনেকেই দানবাক্সে টাকা দিয়ে থাকেন। বছরে একবার এই দানপেটি মসজিদ কমিটি খুলে থাকে। মসজিদ কমিটির বর্তমান সম্পাদক মহম্মদ রামিজুদ্দিন বললেন, 'এদিন আমাদের মসজিদের কলেবর বাড়াতে কাজের সূচনা হওয়ার কথা ছিল। সকাল সাড়ে নয়টা নাগাদ আমরা মসজিদে চলে আসি। ভেতরে ঢুকে দেখি, প্রবেশদ্বারের পাশে লাগানো দানবাক্সটি খোলা। একটা টাকাও নেই দানপেটিতে।'

দানবাক্স ভেঙে কেউ বা কারা টাকা চুরি করে চম্পট দিয়েছে বুঝতে পেরে কমিটির বাকি সদস্যদের বিষয়টি জানান তিনি। এরপর মসজিদের সিসিটিভি ক্যামেরার ফুটেজ দেখতে গিয়ে সবটা প্রকাশ্যে আসে। অভিযুক্তকে অবশ্য তাঁরা চেনেন না বলে দাবি সম্পাদকের। ঘটনাটি ইংরেজবাজার থানার পুলিশকে জানানো হয়। কয়েক ঘণ্টার মধ্যে দুষ্কৃতীকে গ্রেপ্তার করে পুলিশ। তবে থানার কাছেই মসজিদে এমন চুরির ঘটনায় উদ্বিগ্ন এলাকাবাসী।

মসজিদ কমিটির আরেক কর্মকর্তা মহম্মদ তালিমুল ইসলামের কথায়, 'এই মসজিদেই বছর পাঁচেক আগে আরেকবার চুরি হয়েছিল। তারপরই নজরদারি বাড়াতে সিসিটিভি ক্যামেরা লাগানো হয়েছে মসজিদ চত্বরজুড়ে। এই চুরির ফুটেজ দেখে পুলিশ দুষ্কৃতীকে দ্রুত শনাক্ত করে। চোরও ধরাও পরেছে। তবে দানবাক্সের টাকা এখনও আমরা হাতে পাইনি।'

তিনি জানান, শহরজুড়েই মাঝেমধ্যে চুরির ঘটনা ঘটছে। কখনও মন্দিরে, কখনও মসজিদে। এর আগে মালদা শহরের সদরঘাটে একটি মন্দিরে চুরি হয়। মাস ছয়েক আগে বেলতলা কালী মন্দিরে চুরির চেষ্টা করা হয়েছিল। কিন্তু কিছু চুরি করে নিয়ে যেতে পারেনি দুষ্কৃতীর দল। শহর সংলগ্ন বাঘবাড়ি খোঁয়াড় মোড়ে বছরখানেক আগে একটি মাজারের দানবাক্স চুরি হয়।



সিসিটিভি ফুটেজে চোর। রবিবার।

**দুষ্কর্ম**

- মসজিদ কমিটির বর্তমান সম্পাদক প্রথম চুরির বিষয়টি দেখতে পান
- ঘটনাটি জানানো হয় কমিটির বাকি সদস্য এবং পুলিশকে
- মসজিদ চত্বরে লাগানো সিসিটিভি ক্যামেরার ফুটেজ দেখে দুষ্কৃতীকে শনাক্ত করা হয়

## ছোটদের ঝগড়ায় বড়দের লড়াই, জখম দুই

**সুবীর মহন্ত**

**বালুরঘাট, ১৪ সেপ্টেম্বর :** নাবালকদের ঝামেলায় বড়রা জড়িয়ে গেলে যা হয়, সে ঘটনাই ঘটল বালুরঘাট শহরের ১৫ নম্বর ওয়ার্ডের চকভৃগুতে। শনিবার সন্ধ্যায় দুই পরিবারের মধ্যে বচসা এমন পর্যায়ে পৌঁছাল যে, বালুরঘাট সুপারস্পেশালিটি হাসপাতালে ভর্তি করতে হয়েছে এক নাবালক সহ দুজনকে। যথারীতি দুই তরফেই অভিযোগ দায়ের করা হয়েছে বালুরঘাট থানায়। পরস্পরের বিরুদ্ধে মারধর, প্রাণে মারার হুমকি তো বটেই, শ্লীলতাহানির চেষ্টার অভিযোগও দায়ের করা হয়েছে। অভিযোগের ভিত্তিতে পুলিশ যথারীতি সুনির্দিষ্ট ধারায় মামলা রুজু করেছে। ঘটনার মূলে মাত্র ২০০ টাকা।

একাদশ শ্রেণির দুই বন্ধুর মধ্যে ২০০ টাকার লেনদেন নিয়ে যে ঝগড়া শুরু হয়েছিল, শেষে তা পরিণতি পেল অভিভাবকদের গণ্ডগোলে। এক নাবালকের দাবি, তার থেকে টাকা নেওয়ার পরেও দিচ্ছে না তারই এক বন্ধু। যদিও ওই বন্ধুর পালটা দাবি, সে কারও থেকে কোনও টাকা নেয়নি। একাদশ শ্রেণির দুই পড়ুয়ার দাবি ও পালটা দাবিকে কেন্দ্র করে তাদের মধ্যে ঝগড়া বাধে।

আর তাতেই দুই পরিবার বচসায় জড়িয়ে পড়ে বলে স্থানীয়দের বক্তব্য। দুই পরিবারই পরস্পরের বিরুদ্ধে হামলার অভিযোগ তুলেছে। ঘটনায় টাকা পাওয়া দাবি করা পড়ুয়া আহত অবস্থায় হাসপাতালে ভর্তি। চিকিৎসাধীন রয়েছেন টাকা নিয়েও পরিশোধ না করায় অভিযুক্ত পড়ুয়ার মা। ঘটনার পর দুই পরিবারই পরস্পরের বিরুদ্ধে মারধর, অশ্লীল আচরণ, শ্লীলতাহানির চেষ্টার অভিযোগ এনে পুলিশে লিখিত অভিযোগ দায়ের করেছে। বালুরঘাট থানার আইসি সুমন্ত বিশ্বাস বলেন, 'অভিযোগের ভিত্তিতে সুনির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। তদন্ত চলছে।'



জলমগ্ন।। রবিবারের বৃষ্টির পর কুশমণ্ডি বাসস্ট্যান্ড।

### নিকাশি ব্যবস্থা নিয়ে প্রশ্ন

# প্রবল বর্ষণে কুশমণ্ডি বাসস্ট্যান্ড যেন পুকুর

**সৌরভ রায়**

**কুশমণ্ডি, ১৪ সেপ্টেম্বর :** শুধু কি আষাঢ় ও শ্রাবণ, প্রবল বৃষ্টিতে বন্যা হতে পারে ভাদ্রতেও, নিজেদের অভিজ্ঞতায় এমন কথা বলে থাকেন প্রবীণরা। রবিবার কয়েক ঘণ্টার বৃষ্টিতে যেভাবে কুশমণ্ডি প্লাবিত হল, তাতে প্রবীণদের কথাই মনে করাচ্ছিল। টানা বৃষ্টির জেরে বাসস্ট্যান্ড তো রীতিমতো পুকুরের চেহারা নিয়েছিল। কুমারপাড়া, পিডব্লিউডিপাড়া সর্বত্রই জল থইথই। তাৎপর্যপূর্ণভাবে বিকেল পর্যন্ত জল দাঁড়িয়েছিল ১০ নম্বর রাজ্য সড়কে। বৃষ্টিতে জলস্ফীতি ঘটে টাঙন ছাড়াও শাখানদী তুলাইয়ে। এদিনের বৃষ্টি যেমন বর্ষাকে হার মানিয়েছে, তেমনই প্রশ্ন তুলে দিয়েছে কুশমণ্ডির জলনিকাশি ব্যবস্থা নিয়ে। যথারীতি জল-যন্ত্রণায় ক্ষুব্ধ অধিকাংশ মানুষ। ভবিষ্যতের জন্য মাস্টার প্ল্যানের কথা বলছেন দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদের সহকারী সভাধিপতি অম্বরীশ সরকার। তিনি বলছেন, 'কুশমণ্ডির সর্বত্র হাইড্রেন করতে গেলে কোটি কোটি টাকা দরকার। যে কারণে একটি মাস্টার প্ল্যান তৈরি করা হচ্ছে।' তবে তা কবে কার্যকর হবে বা বাস্তবের মুখ দেখবে, সেই সদুত্তর পাওয়া যায়নি তাঁর কাছ থেকে।

ডেঙ্গি সতর্কতায় কোথাও যাতে জল জমে না থাকে, তার জন্য প্রচার করছে স্বাস্থ্য দপ্তর। গ্রাম পঞ্চায়েতের তরফেও উদ্যোগের কমতি নেই। কিন্তু রবিবার অন্য ছবি দেখল কুশমণ্ডি। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা দেবশ্রী সরকার রাউত বলছেন, 'সুন্দর সমাজ তৈরির জন্য প্রশাসনের বড় বড় আলোচনার শেষ নেই। অথচ বৃষ্টির জল জমে থাকছে, প্রশাসনের নজরে আসে না। বাড়িতে যাতে জল না জমে, সেই প্রচার স্বাস্থ্য দপ্তরের তরফে করা হচ্ছে। কিন্তু বাজারে এক সপ্তাহ ধরে জল জমে থাকবে না তো?' কুশমণ্ডি চৌরাস্তা থেকে বাসস্ট্যান্ডের নিকাশিনালা দিয়ে জল যেত মাস্টারপাড়া বিডিও অফিসপাড়া, হাসপাতালপাড়ার পেছন হয়ে কুমারপাড়ার পেছনের নয়ানজুলিতে। কিন্তু আবর্জনায় সেই পথ বন্ধ। পাশাপাশি কিছু মানুষ নিজেদের জায়গা উঁচু করে নেওয়ায়, অনেক ক্ষেত্রে জল বের হতে পারছে না। পরিস্থিতিতে ক্ষোভ প্রকাশ করেছেন খোদ কুশমণ্ডি গ্রাম পঞ্চায়েতের সদস্য কবিতা চৌধুরী গোস্বামী। তাঁর অভিযোগ, 'নিকাশিনালা পরিষ্কারের জন্য বারবার বললেও বিডিও কোনও পদক্ষেপ করেন না। ভোগান্তিতে পড়তে হচ্ছে সাধারণ মানুষকে।' বাসস্ট্যান্ডের ব্যবসায়ী নুর আলম চৌধুরী বলেন, 'বৃষ্টি হলেই বাসস্ট্যান্ড পুকুরে পরিণত হয়। তখন দোকানে আর ক্রেতা আসে না।' একই বক্তব্য আরও এক দোকানদার অলোক কুণ্ডুর। তিনি বলেন, 'নিজের টাকা দিয়ে দোকানের সামনে ড্রেন এবং ঘাস পরিষ্কার করি। বারবার বললেও গ্রাম পঞ্চায়েত বা ব্লক প্রশাসনের তরফে নিকাশিনালা পরিষ্কারের উদ্যোগ নেওয়া হয় না।' কুশমণ্ডির বিডিও নয়না দে-র ফোন বন্ধ থাকায় তাঁর বক্তব্য পাওয়া যায়নি। পঞ্চায়েত সমিতির সভাপতি মরিয়ম মার্ডি বলেন, 'হাইড্রেন পরিষ্কার করা হয়। কিন্তু পরিষ্কার করার পরই আবর্জনা ফেলায় হাইড্রেন ভর্তি হয়ে যাচ্ছে। তাই সকলকেই সমস্যায় পড়তে হচ্ছে।'

**ক্ষুব্ধ যাত্রীরা**

- কয়েক ঘণ্টার বৃষ্টিতে জলমগ্ন কুশমণ্ডি, ১০ নম্বর রাজ্য সড়কেও জল দাঁড়িয়ে
- জল নিষ্কাশনে নিকাশিনালায় নজর না দেওয়াতেই এই পরিস্থিতি, ক্ষোভ সাধারণের
- মাস্টার প্ল্যানের আশ্বাস দিচ্ছেন জেলা পরিষদের সহকারী সভাধিপতি, বাস্তবায়ন নিয়ে প্রশ্ন

## একই গ্রামে পরপর চুরি

**করণদিঘি, ১৪ সেপ্টেম্বর :** করণদিঘি থানা এলাকায় কামাত গ্রামে পরপর বাড়ি, মসজিদে ঢুকে লুটপাট চালাল দুষ্কৃতীরা। তারপরেও এই ঘটনায় পুলিশ কোনও ব্যবস্থা না নেওয়ায় ক্ষুব্ধ এলাকার বাসিন্দারা। দুষ্কৃতীদের ধরতে খোঁজ চালানো হচ্ছে বলে দাবি পুলিশের। শুক্রবার রাতে কামাত গ্রামের আবদুল আলিমের বাড়িতে পাঁচিল টপকে ঘরে ঢুকে পড়ে একদল দুষ্কৃতী। তাঁর স্ত্রী নাজমা খাতুনের মাথায় পিস্তল ঠেকিয়ে সোনার গয়না সহ টাকা ছিনিয়ে নেয় একদল দুষ্কৃতী।

আবদুলের স্ত্রী নাজমা খাতুনের কথায়, 'দুষ্কৃতীরা বাড়ির পাঁচিল টপকে সিঁড়ি বেয়ে উঠে ছাদ থেকে ঘরে ঢুকেছিল।' অন্যদিকে, শনিবার রাতে কামাত গ্রামেই ইয়াকুবের বাড়ির পাশের মসজিদে ঢুকে ৭০ হাজার টাকা ও সোনা, রুপো নিয়ে পালিয়েছে চোর। একইসঙ্গে লাল মহম্মদের বাড়ির পাশের মসজিদেও চুরির ঘটনা ঘটেছে। এর আগে এই একই গ্রামে আবদুল খালেকের বাড়িতে চুরি হয়েছিল।

# হুমকি দিয়ে টাকা আদায়, ধৃত দালাল

**বিশ্বজিৎ সরকার**

**রায়গঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** টাকা না দিলে নগ্ন ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল করে দেওয়া হবে। এই হুমকি পাওয়ার পরই ঝুলন্ত দেহ উদ্ধার হয় এক তরুণের। দু'বছর আগে রায়গঞ্জ থানা এলাকার এক ঘটনায় অভিযুক্ত ধরা পড়লেন সম্প্রতি। রাজস্থান থেকে এক দালালকে গ্রেপ্তার করেছে সাইবার ক্রাইম থানার পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম সতীশকুমার বইরা। বাড়ি রাজস্থানের বিনজারি থানার বুরেখুর গ্রামে। ধৃতের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩০৬/৩৮৫ সহ তথ্যপ্রযুক্তি আইনে মামলা রুজু করেছে পুলিশ। রবিবার ধৃতকে রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক পাঁচদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দেন। রায়গঞ্জ সিজেএম কোর্টের সরকারি আইনজীবী দীপ্তেশ ঘোষ বলেন, 'ধৃতের বিরুদ্ধে তথ্যপ্রযুক্তি আইনে মামলা রুজু করেছে পুলিশ। তদন্তের স্বার্থে পাঁচদিনের পুলিশি হেপাজতের নির্দেশ মিলেছে।'

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের সঙ্গে একাধিক তরুণীর সম্পর্ক রয়েছে। তাদের দিয়েই এই তরুণদের হুমকি দেওয়ার কাজ করাতেন সতীশ। শুধুমাত্র রায়গঞ্জ থানায় নয়, অভিযুক্তের বিরুদ্ধে হরিয়ানা, দিল্লি, পঞ্জাব সহ একাধিক রাজ্যে অভিযোগ রয়েছে। রায়গঞ্জ থানার ওই তরুণ এলাকায় বেসরকারি সংস্থায় কাজ করতেন। তরুণের সঙ্গে সতীশের সোশ্যাল মিডিয়ায় পরিচয় হয়। একসময় ফোন নম্বরও আদানপ্রদান। এক তরুণীর সঙ্গে প্রেম করার জন্য তরুণকে প্রলোভন দেখান অভিযুক্ত। তরুণটি সেই ফাঁদে পা-ও দেন।

এরপর সতীশের ঠিক করা তরুণীর সঙ্গে প্রতারিতর ভিডিও কলে কথাবার্তা শুরু হয়। সেসময় দুজনে একে অপরের নগ্ন ছবি আদানপ্রদান করত বলে জানা গিয়েছে। এর নেপথ্যে সবটাই ছিল দালাল সতীশের পরিকল্পনা। এরপর শুরু হয় হুমকি দেওয়া। চাহিদামতো টাকা না দিলে নগ্ন ছবি ভাইরাল করে দেওয়ার হুমকি দেওয়া হয় তরুণকে। প্রথম প্রথম তরুণ একটি অনলাইন অ্যাপের মাধ্যমে কয়েক হাজার টাকা দিয়েও দেন সতীশকে। কিন্তু তারপরে আর দিতে চাননি। বারবার হুমকি এবং লজ্জায় আত্মহত্যা করেন ওই তরুণ বলে দাবি পরিবারের।

এই ঘটনায় রায়গঞ্জ সাইবার ক্রাইম থানায় লিখিত অভিযোগ দায়ের করেন মৃত তরুণের ভাই। অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্তে নেমে সম্প্রতি অভিযুক্তের খোঁজ পায়। রাজস্থান থেকে তাঁকে গ্রেপ্তার করে এদিন রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হয়। রায়গঞ্জ জেলা পুলিশ সুপার মহম্মদ সানা আক্তার বলেন, 'সাইবার প্রতারণা এবং আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগে একজনকে রাজস্থান থেকে গ্রেপ্তার করা হয়।' এই চক্রের সঙ্গে আরও কে বা কারা জড়িত, তাদেরও খোঁজ শুরু করেছে পুলিশ।

**প্রতারণার ফাঁদ**

- দুই বছর আগে সোশ্যাল মিডিয়া মারফত রায়গঞ্জের তরুণের সঙ্গে পরিচয় হয় সতীশের
- সতীশ প্রেমিকা বানিয়ে দেওয়ার টোপ দেন
- ওই দালালের সঙ্গী এক তরুণীর সঙ্গে তরুণের যোগাযোগ করে দেওয়া হয়
- এরপর দুজনে নগ্ন ছবি আদানপ্রদান করলে শুরু হয় হুমকি দেওয়া

## লরি সহ ধৃত চালক

**বৈষ্ণবনগর, ১৪ সেপ্টেম্বর :** পাথরবোঝাই একটি লরি সহ চালককে আটক করল বৈষ্ণবনগর থানার পুলিশ। পুলিশ সূত্রে খবর, ধৃত লরিচালকের নাম শ্রীকান্ত ঘোষ। বাড়ি ঝাড়খণ্ড রাজ্যের সাহেবগঞ্জ জেলার বারহারোয়া এলাকায়। রবিবার ভোরে ঝাড়খণ্ড থেকে পাথরবোঝাই একটি ছয়চাকার লরি নিয়ে মালদার দিকে যাচ্ছিলেন শ্রীকান্ত। কিন্তু বৈষ্ণবনগর থানার পুলিশ লরিটিকে ১৬ মাইল এলাকায় আটক করে। লরিচালকের কাছে প্রয়োজনীয় কাগজপত্র দেখতে চাওয়া হলে তিনি কিছুই দেখাতে পারেননি। এরপরই লরি সহ চালককে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ।

## টোটোর ধাক্কায় মৃত এক

**পুরাতন মালদা, ১৪ সেপ্টেম্বর :** রবিবার দুপুরে পুরাতন মালদা ব্লকের সাহাপুর গ্রাম পঞ্চায়েতের সেতু মোড় সংলগ্ন এলাকায় টোটোর ধাক্কায় বিশ্বজিৎ ঘোষ (৫১) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। মৃত ব্যক্তির বাড়ি ইংলিশবাজারের মাধবনগর এলাকায়। এদিন সেতু মোড় থেকে ডিস্কো মোড়ের দিকে একটি টোটো যাচ্ছিল। তখন বিপরীত দিক থেকে আসা এক সাইকেল আরোহীকে সজোরে ধাক্কা মারে টোটোটি। দুর্ঘটনার ফলে সাইকেলচালক বিশ্বজিৎ ঘোষ গুরুতর আহত হন। স্থানীয়রা দ্রুত তাঁকে উদ্ধার করে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যান। সেখানেই তাঁর মৃত্যু হয়। দুর্ঘটনার পর টোটোচালক গাড়ি নিয়ে পালিয়ে যায়।

## দেহ উদ্ধার

**হরিরামপুর ও বুনিয়াদপুর, ১৪ সেপ্টেম্বর :** রবিবার এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির ছিন্নভিন্ন দেহ উদ্ধার করেছে রেল কর্তৃপক্ষ। ঘটনাটি বালুরঘাট মালদা রেলপথে বুনিয়াদপুরের আগে হরিরামপুর পুণ্ডরী পঞ্চায়েতের পাথরপাড়া গ্রামে রেললাইনের কাছে। রেল কর্তৃপক্ষ জানিয়েছে, সম্ভবত রাত ৮.৩০ মিনিটে কলকাতাগামী বালুরঘাট-শিয়ালদা ট্রেনে দুর্ঘটনাটি ঘটেছে। মৃতদেহটি ময়নাতদন্তের জন্য বালুরঘাট জেলা হাসপাতালে পাঠানো হয়েছে।



কংক্রিটের রাস্তা ভেঙে গিয়েছে এভাবে। হরিশ্চন্দ্রপুরে।

# ছয় মাসেই কংক্রিটের রাস্তায় ফাটল

**সৌরভকুমার মিশ্র**

**হরিশ্চন্দ্রপুর, ১৪ সেপ্টেম্বর :** নির্মাণের দুই মাসের মধ্যেই গ্রামের কংক্রিটের রাস্তায় ফাটল ধরে ভয়াবহ অবস্থা হয়েছে। এমনকি রাস্তার চাঙড় ভেঙে গিয়ে চলাচলের অযোগ্য হয়ে উঠেছে রাস্তাটি। এতে রোজই সমস্যার মুখে পড়ছেন স্থানীয় বাসিন্দারা। হরিশ্চন্দ্রপুর-২ ব্লকের দৌলতনগর গ্রাম পঞ্চায়েতের বটতলি থেকে ভালুকা গ্রাম পঞ্চায়েতের ট্যাংটাহাট পর্যন্ত প্রায় দুই কিলোমিটার রাস্তার এমন বেহাল দশায় ক্ষুব্ধ সাধারণ মানুষ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মাস ছয়েক আগে রাস্তাটি কংক্রিটের করা হয়েছিল। কিন্তু এর মধ্যেই ঢালাই ভেঙে চুরমার হয়ে গিয়েছে বলে অভিযোগ। তাঁদের মতে, রাস্তা নির্মাণে সরকারি 'শিডিউল' মানা হয়নি এবং নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হয়েছে। সেই কারণেই এত দ্রুত ভেঙে গিয়েছে রাস্তাটি। এই রাস্তাটি দৌলতনগর ও ভালুকা দুটি অঞ্চলের মধ্যে সংযোগ স্থাপন করে। গুরুত্বপূর্ণ ওই রাস্তা ভেঙে পড়ায় প্রতিদিনের যাতায়াতে সমস্যায় পড়ছেন এলাকার মানুষজন। হরিশ্চন্দ্রপুর-২ এর বিডিও তাপসকুমার পাল জানিয়েছেন, বিষয়টি সরেজমিনে খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।

এই ব্যাপারে হরিশ্চন্দ্রপুর-২ পঞ্চায়েত সমিতির সভাপতি রিজিয়া সুলতানা বলেন, 'অবিলম্বে রাস্তাটি যাতে সংস্কার করা যায় সেই উদ্যোগ নেওয়া হবে।'

স্থানীয় বাসিন্দা সহিদুল ইসলাম বলেন, 'প্রায় ১৭ লক্ষ ৬৪ হাজার টাকা ব্যয়ে মাত্র ৫-৬ মাস আগে এই রাস্তা নির্মাণ করা হয়েছিল। কিন্তু তিন মাস যেতে না যেতেই রাস্তাটি বেহাল হয়ে পড়ে। গত দুই মাস ধরে রাস্তাটি ভগ্নদশায় পড়ে রয়েছে।'

জেলা পরিষদের 'ওয়ার্ক আউট'-এ দেখা যাচ্ছে, ওই রাস্তার নাম লেখা হয়েছে আল-হিকমা ন্যাশনাল স্কুল থেকে নামো বোরনাহী পর্যন্ত রাস্তা। অথচ বাস্তবে সেই নামো বোরনাহীর সঙ্গে সংশ্লিষ্ট রাস্তাটির কোনও সংযোগ নেই। এছাড়া সেখানে রাস্তার প্রকৃত দৈর্ঘ্যও উল্লেখ করা হয়নি। অভিযোগ উঠেছে, মাত্র তিন ইঞ্চি ঢালাই দিয়েই রাস্তা নির্মাণ করা হয়েছে।

> প্রায় ১৭ লক্ষ ৬৪ হাজার টাকা ব্যয়ে মাত্র ৫-৬ মাস আগে এই রাস্তা নির্মাণ করা হয়েছিল। কিন্তু তিন মাস যেতে না যেতেই রাস্তাটি বেহাল হয়ে পড়ে। গত দুই মাস ধরে রাস্তাটি ভগ্নদশায় পড়ে রয়েছে।
>
> **সহিদুল ইসলাম**
> স্থানীয় বাসিন্দা

## প্রাক্তন ফুটবলার প্রয়াত

**গঙ্গারামপুর, ১৪ সেপ্টেম্বর :** প্রয়াত হলেন গঙ্গারামপুর তথা অবিভক্ত দিনাজপুর জেলার প্রাক্তন ফুটবলার মিলন সরকার ওরফে নান্টু। গত ৯ জুলাই কাজ থেকে মোটরবাইক নিয়ে বাড়ি ফেরার পথে দুর্ঘটনার শিকার হয়েছিলেন তিনি। মাথায় রক্তক্ষরণ নিয়ে তিনি প্রথমে কলকাতা ও পরে গঙ্গারামপুরের একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি ছিলেন। ওই ঘটনার ৬৫ দিন পর চিকিৎসারত অবস্থায় মৃত্যু হল তাঁর। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন কুশমণ্ডির ফুটবলার সুভাষ দাস। তিনি বলেন, 'মিলন নব্বইয়ের দশকের উত্তরবঙ্গের অন্যতম সেরা লেফট উইঙ্গার।'

## জেল হেপাজত

**কালিয়াগঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** কালিয়াগঞ্জে বন্ধুকে খুনের অভিযোগে ধৃত পয়েজার রহমানকে রায়গঞ্জ জেলা আদালতে পেশ করল কালিয়াগঞ্জ থানার পুলিশ। রবিবার সকালে অভিযুক্তকে কোর্টে পেশ করা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন বলে জানালেন কালিয়াগঞ্জ থানার আইসি দেবব্রত মুখোপাধ্যায়। শুক্রবার রাতে পুরোনো বচসার জেরে পুরিয়া এলাকার বাসিন্দা পরিযায়ী শ্রমিক সাদিকুল রহমানকে চাকু মেরে খুন করেন প্রতিবেশী বন্ধু পয়েজার বলে অভিযোগ। ঘটনার কিছুক্ষণের মধ্যেই রাধিকাপুরের সীমান্তবর্তী গ্রাম পালিগাঁও থেকে অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ।

## ক্লাবের উদ্বোধন

**সামসী, ১৪ সেপ্টেম্বর :** এক ছাদের তলায় সবাইকে আনতে কয়েকজন তরুণ উদ্যোগ নিয়েছিলেন। তাঁদের চেষ্টায় গড়ে উঠল আদর্শ ক্লাব। চাঁচল-১ ব্লকে গৌরীয়া গ্রামে রবিবার ক্লাবটির উদ্বোধন হয়। জাতীয় পতাকা উত্তোলন করে শুরু হয় ক্লাবের পথচলা। এদিন অনুষ্ঠিত হয় একটি রক্তদান শিবির। সেখানে ৫০ জনেরও বেশি রক্তদান করেন। পাশাপাশি বিনামূল্যে চক্ষু পরীক্ষা, রক্ত পরীক্ষা এবং স্বাস্থ্য পরীক্ষারও আয়োজন করা হয়েছিল।

## ঝুলন্ত দেহ

**মালদা, ১৪ সেপ্টেম্বর :** সাংসারিক বিবাদের জেরে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হলেন ইংরেজবাজারের তেলিপুকুর এলাকার এক তরুণ। মৃতের নাম রূপকুমার চৌধুরী (২৮)। পেশায় পরিযায়ী শ্রমিক রূপকুমারের সঙ্গে বেশ কিছুদিন ধরে তাঁর স্ত্রীর বিবাদ চলছিল। এরপর তাঁকে মালদা মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

## গ্রেপ্তার তরুণ

**বৈষ্ণবনগর, ১৪ সেপ্টেম্বর :** চোরাই মোটরবাইক সহ এক তরুণকে রবিবার গ্রেপ্তার করেছে বৈষ্ণবনগর থানার পুলিশ। ধৃত কাউসার আলির বাড়ি ভগবানপুরে। পুলিশের অনুমান, বাইকটি কয়েকদিন আগে চুরি হয়েছিল।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

মিলেমিশে।। গোয়ালপোখরে ছবিটি তুলেছেন শেখ ফরিদ আলম।

# ১৫১ বছরে সোমবারি হাটের পুজো

এল এল পুজো এল

**মুরতুজ আলম**

**সামসী, ১৪ সেপ্টেম্বর :** আড়ম্বর না থাকলেও আতিথেয়তা রয়েছে সামসী সর্বজনীন দুর্গাতলা দুর্গাপুজোর। বসে মেলাও। এবার ১৫১ বছরে পা দিল এই পুজো। সামসী দুর্গাতলায় অবস্থিত মূল মন্দিরেই শাস্ত্রীয় রীতি মেনে নিষ্ঠাভরে এই পুজো হয়ে থাকে। এবার অন্য বছরের মতো অনেক অনুষ্ঠানের আয়োজন থাকছে।

সামসীর পার্শ্ববর্তী গ্রাম পারাকরমে এই পুজো প্রথম শুরু হয়েছিল। তারপর প্রবল বন্যায় পুজোর পুরো কাঠামোটি ভেসে বর্তমান সোমবারি হাট দুর্গাতলা মন্দির লাগোয়া পুকুরে আটকে পড়ে। তারপর সামসীর বাসিন্দারা পুকুর থেকে পুজোর পুরো কাঠামোটি এখানে স্থাপন করে পুজো শুরু করেন। তখন থেকে এখনও একইভাবে পুজো হয়ে আসছে। কোষাধ্যক্ষ প্রদীপ সাহা বললেন, 'এবার পুজোর বাজেট ধরা হয়েছে প্রায় ৬ লক্ষ টাকা। পুরো টাকা সংগ্রহ করা হয় বাড়ি বাড়ি চাঁদা আদায় করে। সামসী সহ আশপাশের গ্রামের মানুষ স্বতঃস্ফূর্তভাবে পুজোর জন্য টাকা দিয়ে থাকেন।'

এবার প্রতিমা তৈরির দায়িত্বে রয়েছেন আলালের সমকূল পাল। গঙ্গারামপুরের দেবাশিস ভট্টাচার্য পুরোহিত। সম্পাদক সুদাম সাহার কথায়, 'এখানকার পুজোর বিশেষত্ব হল মা দুর্গার কোনও পরিবর্তন না করে শোলার সাজে সাজানো হয়। আর দশমীর দিন মায়ের বিসর্জন করা হয় মন্দির প্রাঙ্গণে অবস্থিত পুকুরে। বিসর্জনের আগে মা দুর্গাকে কোনও গাড়িতে নয়, একেবারে ভক্তদের কাঁধে গোটা সামসী বাজার পরিক্রমার পর তারপর বিসর্জন করা হয়।' সপ্তমীর দিন থেকেই মন্দির প্রাঙ্গণে বিশাল মেলা বসে। মেলাকে ঘিরে প্রচুর লোকসমাগম হয়।



সামসী সর্বজনীন দুর্গাতলায় চলছে মণ্ডপ নির্মাণ।

> এবার পুজোর বাজেট ধরা হয়েছে প্রায় ৬ লক্ষ টাকা। পুরো টাকা সংগ্রহ করা হয় বাড়ি বাড়ি চাঁদা আদায় করে। সামসী সহ আশপাশের গ্রামের মানুষ স্বতঃস্ফূর্তভাবে পুজোর জন্য টাকা দিয়ে থাকেন।
>
> **প্রদীপ সাহা**
> কোষাধ্যক্ষ

## হতশ্রী দশা রবীন্দ্র ভবনের, সংস্কারের দাবি

**দীপঙ্কর মিত্র**

**রায়গঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** বিল্ডিংয়ের দেওয়ালে গজিয়েছে বট গাছ। জায়গায় জায়গায় ফাটল ধরেছে। কিছু জায়গা থেকে পলেস্তারা খসে গিয়েছে। ছবিটি রায়গঞ্জের রবীন্দ্র ভবনের। প্রায় পাঁচ বছর ধরে ভবনটি এমন অবস্থায় পড়ে রয়েছে। রবিবার ভারতীয় গণনাট্য সংঘের উত্তর দিনাজপুর জেলা সম্মেলনে রবীন্দ্র ভবনের এমন অবস্থার জন্য সরকারি উদাসীনতাকে দায়ী করেছেন প্রতিনিধি ও শিল্পীরা। অবিলম্বে ভবনটি সংস্কার করে ফের চালু করার দাবি জানিয়ে জেলা প্রশাসনকে স্মারকলিপি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তাঁরা।

এদিন রায়গঞ্জের সরকারি কর্মচারী সংগঠনের জেলা কার্যালয় অরবিন্দ ভবনে ভারতীয় গণনাট্য সংঘের জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনে জেলার ৯টি ব্লক থেকে প্রায় ১৫০ জন কবি, সাহিত্যিক ও শিল্পীরা অংশ নেন। সংগঠনের রাজ্য কমিটির দুই সদস্য হিরণ্ময় সান্যাল এবং শুভজিৎ ধর উপস্থিত ছিলেন। এছাড়া উপস্থিত ছিলেন ভানুকিশোর সরকার, অশোক ঘোষ প্রমুখ।

সংগঠনের জেলা সম্পাদক সুজিত গোস্বামী বলেন, 'রবীন্দ্র ভবন সংস্কার করে অবিলম্বে চালু করার বিষয়ে এদিন সম্মেলনে আলোচনা হয়েছে। কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত ভবনটি কয়েক বছরের মধ্যে ব্যবহারের অযোগ্য হয়ে যাবে তা মেনে নেওয়া যায় না। আমাদের মতো অনেক সংস্থা অনুষ্ঠান করতে গিয়ে বিপাকে পড়ছে। এর আগে আমরা রবীন্দ্র ভবন চালুর দাবিতে বিক্ষোভ দেখিয়েছিলাম। কিন্তু কোনও লাভ হয়নি। এবার জেলার সর্বস্তরের আধিকারিকদের কাছে আমরা স্মারকলিপি দেব।' সংগঠনের জেলা সভাপতি বিশ্বনাথ সিংহ জানান, রবীন্দ্র ভবনের পাশাপাশি কালিয়াগঞ্জের নাজমু নাট্য সংস্থা ও কুলিক নদী সংস্কারের দাবি নিয়েও আলোচনা হয়েছে।

**বন্ধ ভবন**

- ভবনের দেওয়ালে বট গাছ গজিয়েছে
- দেওয়ালের বিভিন্ন অংশে ফাটল ধরেছে
- বিভিন্ন অংশের পলেস্তারা খসে গিয়েছে
- বাতানুকূল যন্ত্র, সাউন্ড সিস্টেম বিকল হয়ে গিয়েছে

উপস্থিত সকলেই রবীন্দ্র ভবনের এমন হতশ্রী দশা নিয়ে সরব হন। তাঁদের অভিযোগ, ভবনটি চালু হওয়ার পর কয়েক বছর কাটতে না কাটতে জিনিসপত্র বিকল হতে শুরু করে। চার বছর ধরে কবিগুরুর জন্মদিন ও প্রয়াণ দিবস ওই ভবনের বাইরে পালিত হয়। করোনা পরিস্থিতির আগে এই ভবনে সারাবছর একাধিক অনুষ্ঠান হত। কিন্তু এখন ভবনের বেহাল দশার কারণে সরকারি ও বেসরকারি যে কোনও অনুষ্ঠান আয়োজন করতে সকলকে বেগ পেতে হচ্ছে।

২০২২ সালে জেলা প্রশাসনের তরফে ভবনটি সংস্কার করার উদ্যোগ নেওয়া হয়। এই কাজের জন্য ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়। রবীন্দ্র ভবন সংস্কার শুরু হওয়ার পর প্রায় তিন বছর পেরিয়ে গেলেও কিছু অংশের কাজ শেষ না হওয়ায় সেখানে কোনও অনুষ্ঠান করার অনুমতি দেওয়া হচ্ছে না। ২০১১ সালে রবীন্দ্র ভবনের অসম্পূর্ণ কাজ শেষ হয়। ২০১৬ সালে ভবন চালু হলেও কয়েক বছরের মধ্যেই ভবনের বাইরের ও ভেতরের বিভিন্ন অংশে ফাটল ধরতে শুরু করে। এছাড়া বাতানুকূল যন্ত্র, সাউন্ড সিস্টেম সহ অন্যান্য জিনিস বিকল হতে শুরু করে।

## জেলা সম্মেলন

**গঙ্গারামপুর, ১৪ সেপ্টেম্বর :** গঙ্গারামপুর রবীন্দ্র স্মৃতি বিদ্যাপীঠে রবিবার সিপিএমের গণ সংগঠন পশ্চিমবঙ্গ বস্তি উন্নয়ন সমিতির দক্ষিণ দিনাজপুর জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়। পতাকা উত্তোলন ও শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই সম্মেলন শুরু হয়। উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য নেতৃত্ব ঝন্টু মজুমদার, শিবেন্দু ঘোষ, দক্ষিণ দিনাজপুর জেলা সম্পাদক শংকর শর্মা, অচিন্ত্য চক্রবর্তী, গৌতম গোস্বামী, জীবন সরকার প্রমুখ।

## মন্দিরে চুরি

**রায়গঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** মন্দির থেকে ঠাকুরের সোনার অলংকার নিয়ে চম্পট দিয়েছে দুষ্কৃতীরা। ঘটনাটি রায়গঞ্জ থানার উদয়পুর এলাকার শান্তিময়ী কালী মন্দিরে ঘটেছে। ঠাকুরের সোনা ও রুপোর গয়না ছাড়াও প্রণামি বাক্স থেকে টাকা খোয়া গিয়েছে। পুলিশের অনুমান, এলাকার নেশাসক্ত কিছু মানুষ এই ঘটনার সঙ্গে জড়িত।

### আরজি করের ছাত্রীর মৃত্যুতে গ্রেপ্তার প্রেমিক

# মালদা মেডিকেলের হস্টেলে কেন, উঠছে প্রশ্ন

**অরিন্দম বাগ**

**মালদা, ১৪ সেপ্টেম্বর :** আরজি কর মেডিকেলের ছাত্রী মালদা মেডিকেলের হস্টেলে কেন ছিলেন, অনুমতিই বা কীভাবে মিলেছিল, সেসব প্রশ্নই এখন ঘুরপাক খাচ্ছে তদন্তকারীদের মনে। তবে ছাত্রীর মৃত্যুর পরেও এই প্রশ্নের উত্তর দিতে পারেনি মালদা মেডিকেল কর্তৃপক্ষ।

আরজি কর মেডিকেলের ফাইনাল ইয়ারের ওই ছাত্রীর মৃত্যুরহস্যের কিনারা হয়নি এখনও। এই ঘটনায় প্রশ্নের মুখে পড়েছে মালদা মেডিকেল কর্তৃপক্ষ। যদি আরজি কর মেডিকেলের ওই ছাত্রী মালদা মেডিকেলের হস্টেলে গিয়ে থাকেন, তবে সেক্ষেত্রে কি কর্তৃপক্ষের কাছ থেকে কোনও অনুমতি নেওয়া হয়েছিল? নাকি কর্তৃপক্ষের চোখে ধুলো দিয়েই হস্টেলে উঠেছিলেন ওই তরুণী? এনিয়ে মেডিকেলের অধ্যক্ষ পার্থপ্রতিম মুখোপাধ্যায় বলেন, 'এধরনের কথা আমাদেরও কানে আসছে। তবে বিষয়টি আমাদের জানা নেই। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।'

এদিকে, তাঁর মেয়ে হোটেলে কার সঙ্গে ছিলেন, কেনই বা হোটেলে ছিলেন, সেসব প্রশ্নের উত্তরও খুঁজছেন মৃতের মা। ওই ছাত্রীর মৃত্যুতে মালদা মেডিকেলের এক পড়ুয়ার বিরুদ্ধে খুনের অভিযোগ দায়ের করেন মৃতার পরিবারের লোকজন। অভিযোগের ভিত্তিতে শনিবার রাতে ওই প্রেমিককে আটক করে জেরা শুরু করে পুলিশ। মাঝরাতে গ্রেপ্তার করা হয় ওই তরুণকে। রবিবার ধৃতকে মালদা জেলা আদালতে তোলা হলে বিচারক তাঁর সাতদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দেন।

এদিকে, এই ঘটনায় ইতিমধ্যেই উঠে এসেছে একাধিক চাঞ্চল্যকর তথ্য। ৮ সেপ্টেম্বর মালদায় আসার পর প্রথমে মালদা মেডিকেলের গার্লস হস্টেলে উঠেছিলেন ওই তরুণী। শনিবার এমনই দাবি করেছিলেন মৃতার মা। পুলিশি জেরাতেও ধৃত প্রেমিক তেমনই দাবি করেছেন। সেই সময় একবার অতিরিক্ত ওষুধ খাওয়ার জন্য ওই তরুণীকে মালদা মেডিকেলে ভর্তিও করা হয়েছিল বলে খবর।




মৃতের মায়ের দাবি, তাঁর মেয়ে ওই তরুণের সঙ্গে পরিবারের অমতে মন্দিরে বিয়ে করে নেন। তবে মেয়ে গর্ভবতী হয়ে গিয়েছে জানার পর ওই তরুণের সঙ্গে সামাজিক মতে বিয়ে দিতে রাজি হয়ে যায় পরিবার। কিন্তু তারপরেও কেন ওই তরুণ তাঁর মেয়েকে খুন করেছেন বলে আশঙ্কা করছেন মা তাও স্পষ্ট নয়।

মৃতার মা দাবি করেছিলেন, তিনি ফোন করলে মেয়ে মালদা মেডিকেলের হস্টেলে রয়েছেন বলে জানান। দুই-তিনদিন পর যখন কথা হয়, তখন ওই তরুণী আবার মালদা শহরের একটি নামী হোটেলে থাকার কথা জানিয়েছিলেন। মৃতার মায়ের এই দাবির সঙ্গে জেরায় ধৃতের বয়ানে যথেষ্ট মিল রয়েছে বলেই পুলিশ সূত্রে জানা গিয়েছে। পুলিশি জেরায় জানা গিয়েছে, মাত্রাতিরিক্ত ওষুধ খাওয়ার জন্য ওই তরুণীকে প্রথমে ১০ তারিখ মালদা মেডিকেলে ভর্তি করা হয়েছিল। তবে সেদিনই তাঁকে ছেড়ে দেওয়া হয়। তারপরেই সম্ভবত ওই তরুণীকে একটি হোটেলে নিয়ে যাওয়া হয়েছিল।

**কোন পথে তদন্ত**

- এই ঘটনায় ওই দুজনের কল ডিটেলস ও কল রেকর্ড সংগ্রহের কাজ শুরু হয়েছে
- মালদা মেডিকেল ক্যাম্পাসে থাকা সিসিটিভি ক্যামেরার ফুটেজও সংগ্রহ করা হচ্ছে
- যে হোটেলের কথা উঠে আসছে, সেই হোটেলকে শনাক্ত করে তদন্ত এগিয়ে নিয়ে যেতে চাইছে পুলিশ

শনিবার রাতেই মেডিকেল ক্যাম্পাস থেকে আটক করা হয় অভিযুক্তকে। রাতভর দফায় দফায় জেরার পর বেশ কিছু অসংগতি সামনে আসায় মাঝরাতে তাঁকে গ্রেপ্তার করা হয়। রবিবার ধৃতকে সাতদিনের পুলিশি হেপাজতের আবেদন জানিয়ে মালদা জেলা আদালতে পেশ করা হয়। বিচারক ধৃতের সাতদিনের পুলিশি হেপাজতের আবেদন মঞ্জুর করেন। ধৃত প্রেমিক আদালতে যাওয়ার পথে কোনও মন্তব্য করতে চাননি।

এই ঘটনায় ওই দুজনের কল ডিটেলস ও কল রেকর্ড সংগ্রহের কাজ শুরু হয়েছে। মালদা মেডিকেল ক্যাম্পাসে থাকা সিসিটিভি ক্যামেরার ফুটেজও সংগ্রহ করা হচ্ছে। যে হোটেলের কথা উঠে আসছে, সেই হোটেলকে শনাক্ত করে তদন্ত করতে চাইছে পুলিশ।

মালদা মেডিকেলের কোনও ছাত্রী যদি বিশেষ কারণে মহিলা অভিভাবককে রাতে হস্টেলে রাখতে চান, তবে সেই সংক্রান্ত আবেদন হস্টেল সুপারের কাছে জমা দিতে হয়। সুপারের অনুমতি মিললে, রেজিস্টারে নাম নথিভুক্ত করে ওই মহিলা অভিভাবককে হস্টেলে রাখা যেতে পারে। তবে কোনওভাবেই পুরুষদের সেখানে অনুমতি দেওয়া হয় না। এখানেই প্রশ্ন উঠছে, যদি ওই তরুণী মালদা মেডিকেলের হস্টেলে গিয়ে থাকেন, তবে কি তাঁর থাকার জন্য অনুমতি নেওয়া হয়েছিল? রেজিস্টারে কি সেই রেকর্ড রয়েছে? নাকি মালদা মেডিকেলে সাম্প্রতিক সময়ে চলতে থাকা হাউস স্টাফ ও ইন্টার্নদের রুম নিয়ে বিবাদের সুবাদে কর্তৃপক্ষের চোখে ধুলো দিয়েই তিনি হস্টেলে উঠেছিলেন? সব মিলিয়ে রহস্য আরও ঘনীভূত হচ্ছে।





বালুরঘাটে প্রতিমা বাঁচানোর চেষ্টা (উপরে)। বৃষ্টি ভেজা মালদা শহরে। ছবি : মাজিদুর সরদার ও কল্লোল মজুমদার।

### মালদা ও বালুরঘাটে একই চিত্র

# বৃষ্টিতেও ভিড় শপিং মলে

**কল্লোল মজুমদার ও পঙ্কজ মহন্ত**

**মালদা ও বালুরঘাট, ১৪ সেপ্টেম্বর :** মহালয়ার আগে রবিবারটায় কেনাকাটা জমে উঠবে বলেই আশায় ছিলেন বিক্রেতারা। আর রবিবারের বাজারে পছন্দের জামা-কাপড়-শাড়ির কেনাকাটা সেরে নেওয়া যাবে বলে প্ল্যানটাও করে রেখেছিলেন অনেকে। কিন্তু সকাল থেকেই মুখ গোমড়া ছিল আকাশের। তবু দমানো যায়নি বাঙালিকে। বৃষ্টি মাথাতেই শপিংমলে কেনাকাটার ভিড় উপচে পড়ল। মালদা থেকে বালুরঘাটের ছবিটা ছিল একই।

রবিবার সকাল থেকেই আকাশে ঘনঘটা। কখনও টিপটিপ করে, কখনও ঝমঝমিয়ে বৃষ্টি হচ্ছিল।

রবিবার মালদা শহরের বাজারগুলিতে কিছুটা হলেও ভিড় কম ছিল। তবে বড় বড় শপিং মলগুলিতে ভিড় ছিল চোখে পড়ার মতো। মালদা শহরের মলগুলিতে শাড়ির খদ্দেরদের আনাগোনা দেখা গিয়েছে ভালোই।

বছরখানেক আগেও এই সময়টায় পুজোর কেনাকাটা করতে গ্রামগঞ্জের মানুষ ভিড় জমাতেন মালদা শহরে। শহরের রথবাড়ি, চিত্তরঞ্জন পুর বাজারগুলি ছুটির দিনেও ক্রেতা-বিক্রেতার আনাগোনায় সরগরম হয়ে উঠত। কিন্তু এবার পুজোর বাজারে গ্রামগঞ্জের ক্রেতাদের দেখা নেই বললেই চলে। তার উপর সকাল থেকে বৃষ্টি। তবু কেনাবেচা হয়েছে ভালোই। মালদা শহরের বুক চিরে চলে যাওয়া জাতীয় সড়কের একদিকে রয়েছে বড় বড় শপিং মল। অন্যপ্রান্তে নেতাজি পুর বাজার। যা মালদা শহরের রেডিমেড জামাকাপড় কেনাবেচার পীঠস্থান বলেই পরিচিত ছিল। এখন ছবিটা পুরোপুরি পালটে গিয়েছে। এখন ভিড় হচ্ছে মলগুলিতে।

> সকাল থেকে বৃষ্টি হওয়ায় গিন্নি বাড়ি থেকে বের হতে চাইছিলেন না। কিন্তু আজ ছুটি থাকায় গিন্নিকে বুঝিয়ে চলেই এলাম। রবিবারের ছুটিতে কেনাকাটাটা সেরে নিতেই যে হবে। তাই পুজোর কেনাকাটা সারতে শপিং মলে সপরিবারে চলে এলাম।
>
> **মানব দে** *বাসিন্দা, মালদা শহর*

রবিবার সাতসকালে ধূপধুনো জ্বালিয়ে খদ্দেরের আশায় দোকান খুলে বসেছিলেন চঞ্চল বসাক।

কেনাকাটা কেমন? প্রশ্ন করতেই উত্তর দিলেন, 'আশা করেছিলাম আজকে বেশ ভালো হবে। খদ্দেররাই তো শপিং মলে চলে যাচ্ছেন।'

বৃষ্টি কিছুটা ধরলেও বিকেলেও আকাশ কালো করেছিল। বিকেল চারটেতেই যেন সন্ধ্যা নেমে আসে। রাস্তাঘাটে তেমন লোকজনই চোখে পড়েনি মালদায়। এরই মধ্যে ছাতা মাথায় রথবাড়ির একটি শপিং মলে ছেলেমেয়েদের নিয়ে জামাকাপড় কিনতে এসেছিলেন ছোট ব্যবসায়ী মানব দে। তাঁর কথায়, 'গিন্নি বের হতে চাইছিলেন না। কিন্তু আজকে চলে এলাম। রবিবারের ছুটিতে কেনাকাটাটা সেরে নিতেই যে হবে। তাই শপিং মলে চলে এলাম।'

মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির জেলা সভাপতি উজ্জ্বল সাহা আক্ষেপের সুরে বলেন, 'প্রতি বছর বিশ্বকর্মাপুজোর সাতদিন আগে থেকে মালদায় জামাকাপড় কেনাকাটার একটা ঢেউ আছড়ে পড়ে। কিন্তু, আবহাওয়ার কারণে এবার বাজারের লোক কম। তার উপরে তো আছে অনলাইনে কেনাবেচা আর বড় বড় শপিং মল। কিছুটা হলেও সমস্যায় পড়েছেন ছোট ব্যবসায়ীরা।'

রবিবার সকাল থেকেই ছিটেফোঁটা বৃষ্টি হতে থাকে বালুরঘাটেও। দুপুরের দিকে ঝমঝমিয়ে বৃষ্টি শুরু হয়ে যায়। ফলে বালুরঘাট তহবাজার, বড় সবজি বাজার, পাওয়ার হাউস বাজারে জল দাঁড়িয়ে যায়। তবে বৃষ্টির মধ্যেই রবিবারের বাজারে কেনাকাটা করতে বেরিয়েছিলেন কেউ কেউ। পুজোর আগে জামাকাপড় কিনতে বেরিয়ে বৃষ্টিতে নাকাল হতে হয়েছে অনেককে। তবে শপিং মলে ভিড় ছিল বালুরঘাটেও।

## কুলিক পক্ষীনিবাসে শুরু পাখি গণনা

**রায়গঞ্জ, ১৪ সেপ্টেম্বর :** রায়গঞ্জ বনবিভাগের উদ্যোগে রবিবার ভোরে কুলিক পক্ষীনিবাসে পাখি গণনা শুরু হল। সোমবার পর্যন্ত এই গণনা চলবে। রায়গঞ্জ বনবিভাগের আধিকারিক ভূপেন বিশ্বকর্মা বলেন, 'উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে রায়গঞ্জ কুলিক পাখিরালয়ে পরিযায়ী পাখি গণনা শুরু হয়েছে। গাছ পিছু পাখি গুনে মোট পাখি গণনা করা হবে।'

পাখি গণনায় অংশ নেন বনবিভাগের পাশাপাশি রায়গঞ্জের বিভিন্ন পশুপ্রেমী ও স্বেচ্ছাসেবী সংস্থা, ফোটোগ্রাফার, শিক্ষক এবং পড়ুয়ারা। তাঁরা গাছ পিছু পাখির বাসা অনুযায়ী পাখি গণনার কাজ শুরু করেছেন। প্রতিটি গাছে মার্কিং করা হচ্ছে। মোট পাঁচটি দল গণনায় অংশ নিয়েছে। একটি দলে রয়েছেন ১০ থেকে ১২ জন সদস্য। তাঁরা নিখুঁতভাবে পাখি গণনার কাজ করছেন।

> উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে রায়গঞ্জ কুলিক পাখিরালয়ে পরিযায়ী পাখি গণনা শুরু হয়েছে। গাছপিছু পাখি গুনে মোট পাখি গণনা করা হবে।
>
> **ভূপেন বিশ্বকর্মা** *আধিকারিক, রায়গঞ্জ বন বিভাগ*

রায়গঞ্জের কুলিক পাখিরালয় হল এশিয়ার দ্বিতীয় বৃহত্তম শামুকখোল পাখির আবাসস্থল। এখানে নাইট হেরন, কর্মরেন্ট ও ইগ্রেটের মতো পরিযায়ী পাখিরা বছরে নির্দিষ্ট সময়ে ভিড় জমায়। গণনাকারীরা আশাবাদী, চলতি বছর আবহাওয়া অনুকূল থাকায় পাখির সংখ্যা বাড়বে।

উত্তর দিনাজপুর পিপলস ফর অ্যানিমেলসের সম্পাদক শিক্ষক গৌতম তান্তিয়া বলেন, 'রবিবার পক্ষীনিবাসের বাইরের দিকে গণণা করা হয়। সোমবার ভেতরে গণনার কাজ হবে। গাছে পাখির বাসার সংখ্যা গুণে মোট পাখি গণনা করা হয়েছে। এই বছর পরিযায়ী পাখির সংখ্যা অনেকটা বেশি হওয়ায় সকলেই উচ্ছ্বসিত।' নর্থ বেঙ্গল ফোটোগ্রাফি ক্লাবের সম্পাদক বাসুদেব চক্রবর্তী বলেন, 'এখানে প্রতিবার চার প্রজাতির পাখি আসে। রায়গঞ্জে এবারে আবহাওয়া যথেষ্ট অনুকূল। আশা করছি, গতবারের সংখ্যাকে ছাড়িয়ে যাবে।'

২০২০ সালে এই অরণ্যে পরিযায়ী পাখির সংখ্যা ছিল ৯৯৬৩১টি। ২০২১ সালে সংখ্যাটি ছিল ৯৮৭৩৯টি। ২০২২ সালে রায়গঞ্জ কুলিক পাখিরালয়ে মোট পরিযায়ী পাখি এসেছিল ৯৯৩৯৩টি। ২০২৩ সালে ৭৮১৪১টি ও ২০২৪ সালে ৯৬৭১৯টি পাখি এসেছিল কুলিক পক্ষীনিবাসে।

## রক্তদান শিবির

**বালুরঘাট, ১৪ সেপ্টেম্বর :** বালুরঘাটের শিরোহি মোড় এলাকায় রবিবার রক্তদান শিবিরের আয়োজন করল দক্ষিণ দিনাজপুর ভলান্টারি ব্লাড ডোনার্স অ্যাসোসিয়েশন ও একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের বেলঘড়িয়া শাখা। ওই শিবিরে মোট ৩৬ জন রক্তদান করেছেন, যাঁদের মধ্যে প্রথমবার রক্ত দিয়েছেন ৩ জন। পুজোর আগে দক্ষিণ দিনাজপুর জেলায় রক্তসংকট দেখা গিয়েছে। বালুরঘাট জেলা হাসপাতালের ব্লাড ব্যাংকে চাহিদা অনুযায়ী রক্তের জোগান স্বাভাবিক রাখতে শিবিরটির আয়োজন করা হয়।

# থিমের ভিড়ে সাবেকিয়ানার ছোঁয়া মহামায়া ক্লাবে

**থিমের চাকচিক্যে আজকাল দুর্গোৎসবের সাবেকি ছবি অনেকটাই ম্লান হয়ে যাচ্ছে। তাই এবার বাঙালির ঘরের চেনা মায়ের রূপই তুলে ধরতে চাইছেন বালুরঘাটের মহামায়া ক্লাবের উদ্যোক্তারা।**

বলো দুগ্গা মাইকি

**পঙ্কজ মহন্ত**

**বালুরঘাট, ১৪ সেপ্টেম্বর :** দুর্গোৎসব মানেই আজকাল নানা থিমের ঝলক। কোথাও সমাজ কিংবা পরিবেশ নিয়ে বার্তা, কোথাও আবার আধুনিকতার ছোঁয়া। তবে এই থিম-দৌড়ের মাঝেই বালুরঘাটের মহামায়া ক্লাব এবছর ফিরছে সাবেকিয়ানায়। ৭২তম বর্ষে তাদের থিমের নামই রাখা হয়েছে 'সাবেকি'। উদ্যোক্তাদের স্পষ্ট বার্তা, থিমের ভিড়ে মায়ের চিরাচরিত রূপ যেন হারিয়ে না যায়, সেই লক্ষ্যেই এই সিদ্ধান্ত নিয়েছেন উদ্যোক্তারা। উদ্যোক্তাদের আক্ষেপ, থিমের চাকচিক্যে আজকাল দুর্গোৎসবের সাবেকি ছবি অনেকটাই ম্লান হয়ে যাচ্ছে। তাই তাঁরা আবার বাঙালির ঘরের চেনা মায়ের রূপই তুলে ধরতে চান। তবে সাবেকিয়ানার আবহে গড়ে ওঠা এবারের পুজোমণ্ডপে মায়ের সেই মনভোলানো সাবেকি রূপকে খুঁজে পাবেন বলেই আশা করছেন পুজো কমিটির কর্মকর্তারা।

গত বছর মহামায়া ক্লাবের থিম ছিল 'মাটির ঘরে মা'। মাটির গ্লাস, কাপ, সরা সহ নানা সামগ্রী দিয়ে সাজানো হয়েছিল মণ্ডপ। সেইসঙ্গে সমাজে মৃৎশিল্পীদের অবস্থান নিয়ে বার্তাও দেওয়া হয়েছিল। এবছরও সেই ধারা বজায় রেখেই তৈরি হচ্ছে পরিবেশবান্ধব মণ্ডপ। তবে এবার মূল আকর্ষণ থাকছে চিন্ময়ী মায়ের ঐতিহ্যবাহী রূপ। কাল্পনিক মন্দিরের আদলে গড়ে উঠছে মণ্ডপ। যেখানে থাকছে ঐতিহ্যের ছোঁয়া। প্রতিমা থেকে আলোকসজ্জা সবেতেই থাকছে সাবেকিয়ানা। আর থিমের সঙ্গে সামঞ্জস্য রেখে সাবেকি প্রতিমা গড়ে তুলছেন কৃষ্ণনগরের মৃৎশিল্পী রাজু পাল। ঠিক তেমনই সাবেকি আবহ ফুটিয়ে তুলতে মণ্ডপ তৈরির কাজ করে চলেছেন বালুরঘাট খাদিমপুরের শিল্পী কৃষ্ণ সরকার। আলোকসজ্জার দায়িত্ব সামলাচ্ছেন পাগলিগঞ্জের সুকোমল দাস।

মহামায়া ক্লাবের সম্পাদক সমীর রায় বলেন, 'প্রায় ১১ লক্ষ টাকার বাজেটে। মায়ের যে সাবেকি রূপ তা যেন ভুলতে বসেছে বাঙালি। চারিদিকে থিমের ছড়াছড়ি। এর মধ্যে মায়ের সেই মনভোলানো রূপ আমরা আবার সকলের সামনে তুলে ধরব।'

> প্রায় ১১ লক্ষ টাকার বাজেট। মায়ের যে সাবেকি রূপ তা যেন ভুলতে বসেছে বাঙালি। চারিদিকে থিমের ছড়াছড়ি। এর মধ্যে মায়ের সেই মনভোলানো রূপ আমরা আবার সকলের সামনে তুলে ধরব।
>
> **সমীর রায়** *সম্পাদক, মহামায়া ক্লাব*

ক্লাব সভাপতি দিলীপ চৌধুরীর কথায়, 'পুজোর জাঁকজমকের মাঝে মৃন্ময়ী মায়ের চিন্ময়ী রূপ যেন ফিকে না হয়ে যায়। এই বিষয়টিই এবার পুজোর মূল উপজীব্য। সাবেকি রূপ যেন এখন কোথাও দেখতে পাওয়া দুষ্কর। সেই অনুযোগের সুর দূর হবে আমাদের পুজোমণ্ডপে এসে।' পুজো সম্পাদক রাতুল দে সরকারের বক্তব্য, 'এ বছর আমাদের মণ্ডপে মা বাঙালি সাজে ধরা দেবেন।' একদিকে আধুনিকতার ঝলক, অন্যদিকে সাবেকিয়ানা। এই দুইয়ের লড়াই যতই চলুক, মহামায়া ক্লাবের উদ্যোক্তাদের দৃঢ় বিশ্বাস, ঐতিহ্যই শেষমেশ জিতে যাবে। আর সেই ঐতিহ্যের সাক্ষী থাকতে প্রস্তুত বালুরঘাটবাসী।



বালুরঘাটের মহামায়া ক্লাবের পুজোমণ্ডপ তৈরিতে ব্যস্ত শিল্পী। ছবি : মাজিদুর সরদার

